

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ অধিশাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

নং-৪৬.০০.৯৪০০.০৪২.১৪.১০২.১৭.২৬৭

তারিখঃ ২২ জ্যৈষ্ঠ ১৪২৫ বঙ্গাব্দ
০৫ জুন ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ঠাকুরগাঁও জেলা পরিষদের ২০১৭-২০১৮ অর্থ বছরে রাজস্ব তহবিলের আওতায় গৃহীত প্রকল্প বাস্তবায়নের অনুমোদন।

সূত্রঃ ঠাকুরগাঁও জেলা পরিষদের স্মারক নং-৪৬.৫৫.৯৪০০.০০০.০৯.০১৪.২০১৭-৯৬৭, তারিখঃ ৭/১২/২০১৭।

ঠাকুরগাঁও জেলা পরিষদের ২০১৭-২০১৮ অর্থ বছরে রাজস্ব তহবিলের আওতায় ৩২,৯৮,৭৫০/- (বত্রিশ লক্ষ আটানব্বই হাজার সাতশত পঞ্চাশ) টাকায় গৃহীত নিম্নোক্ত ৩টি প্রকল্প নিম্নবর্ণিত শর্তে বিধি মোতাবেক বাস্তবায়নের প্রস্তাবে নির্দেশক্রমে অনুমোদন দেয়া হলো :

ক্র:নং	প্রকল্পের নাম	বরাদ্দের পরিমাণ
১.	ঠাকুরগাঁও জেলা পরিষদ অডিটরিয়াম-কাম-কমিউনিটি সেন্টার এর গেট ও সীমানা প্রাচীর নির্মাণ	২৬,৪৪,৭৫০/-
২.	ঠাকুরগাঁও জেলার বিভিন্ন সাব-রেজিস্টার অফিস এবং অন্যান্য প্রতিষ্ঠানে স্টীলের আলমীরা সরবরাহ	৪,৫৪,০০০/-
৩.	ঠাকুরগাঁও জেলা পরিষদ অফিস মটরসাইকেল স্ট্যান্ড নির্মাণ	২,০০,০০০/-
		মোট=
		৩২,৯৮,৭৫০/-

শর্তসমূহঃ

- ১) পিপিআর ২০০৮ এর এ সংক্রান্ত সকল বিধি-বিধান অনুসরণপূর্বক প্রকল্পসমূহ বাস্তবায়ন করে স্থানীয় সরকার বিভাগে একটি প্রতিবেদন প্রেরণ করতে হবে;
- ২) ৫.০০ লক্ষ বা তদুর্ধ্ব টাকার প্রকল্প/প্রকল্পসমূহের প্রাক্কলন নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, ঠাকুরগাঁও কর্তৃক পরীক্ষা করে মন্ত্রণালয়কে অবহিত রেখে বাস্তবায়নের কার্যক্রম গ্রহণ করতে হবে
- ৩) দরপত্রের মাধ্যমে বাস্তবায়নযোগ্য প্রকল্পসমূহের ক্ষেত্রে ই-টেন্ডারিং পদ্ধতি অবলম্বন করতে হবে ;
- ৪) স্বচ্ছতা ও জবাবদিহিতার লক্ষ্যে অনুমোদিত প্রকল্পসমূহের তালিকা ওয়েব সাইটে প্রকাশ এবং অফিস চত্বরে দৃশ্যমান স্থানে প্রদর্শন করতে হবে;
- ৫) প্রকল্প/প্রকল্পসমূহ সমাপ্তির পর জনসাধারণের অবগতির জন্য প্রকল্পস্থানে “জেলা পরিষদ ঠাকুরগাঁও এর সৌজন্যে/অর্থায়নে বাস্তবায়িত” বাক্যটি লিখে ফলক লাগাতে হবে।

সংযুক্তিঃ বর্ণনামতে।

J. Main
০৫/০৬/২০১৮
(ড. জুলিয়া মর্দীন)
উপসচিব

ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-igzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, ঠাকুরগাঁও।

অনুলিপি-ঃ

- ১। মহাপরিচালক (মইইউইং), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর।
- ৫। চেয়ারম্যান, জেলা পরিষদ, ঠাকুরগাঁও।
- ৬। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।